



THE UNIVERSITY OF BURDWAN
Rajbati, Burdwan-713104
West Bengal

Ph. +91-342-2634975 (EPABX)
Extn. 233, 240
Fax : +91-0342-2533262
E-mail : ce@buruniv.ac.in
website : http://www.buruniv.ac.in

DEPARTMENT OF CONTROLLER OF EXAMINATIONS

No. CE-Sectt/UG Exam-2020/34

March 02, 2021

প্রজ্ঞাপন

এতদ্বারা বর্ধমান বিশ্ববিদ্যালয়ের প্রাক-স্নাতক পর্যায়ের ২০২০ সালের সেমেস্টার-১, সেমেস্টার-৩ এবং সেমেস্টার-৫ পরীক্ষার সঙ্গে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে ইতিপূর্বে সেমেস্টার-১ পরীক্ষার রেজিস্ট্রেশন সহ ফর্ম ফিল-আপ, অ্যাডমিট কার্ড/ডেসক্রিপটিভ রোল, লিখিত পরীক্ষা এবং ইন্টারনাল অ্যাসেসমেন্ট/ফিল্ড ওয়ার্ক/প্রজেক্ট/ডিসার্শন/টার্ম পেপার সংক্রান্ত বিষয়ের দিনপঞ্জি ঘোষিত হয়েছে। একই সঙ্গে দৈনিক সংবাদপত্রে বহুলভাবে প্রচারিত হয়েছে।

উক্ত ঘোষণা অনুযায়ী সেমেস্টার-৩ পরীক্ষার ফর্ম পূরণের শেষ তারিখ ছিল গত কাল অর্থাৎ ০১ মার্চ, ২০২১। ইতিপূর্বে ফর্ম পূরণের শেষ তারিখ ঘোষণা করা সত্ত্বেও বিভিন্ন মহাবিদ্যালয় কর্তৃপক্ষের এবং ছাত্রছাত্রীদের বার বার অনুরোধ রক্ষা করতে গিয়ে বারং বার পোর্টাল চালু করতে হয়েছে। ফলস্বরূপ নির্দিষ্ট সময়ে পরীক্ষা শুরু করা এবং শেষ করার ক্ষেত্রে তা অন্তরায় হয়েছে। এই অপ্রত্যাশিত অবস্থার অবসানকল্পে প্রাক-স্নাতক স্তরের পরীক্ষা বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্তে উপনীত হওয়া গেছে যে কোনো অবস্থাতেই ফর্ম পূরণের দিন বর্ধিত হবে না।

এই সিদ্ধান্ত মহাবিদ্যালয়গুলিতে এবং ছাত্রছাত্রীদের মধ্যে ব্যাপক প্রচারের মধ্যেই গতকাল সেমেস্টার-৩ পরীক্ষার ফর্ম পূরণের দিন শেষ হয়েছে। কেবলমাত্র এই কারণেই শুধুমাত্র সেমেস্টার-৩ পরীক্ষার ফর্ম পূরণের দিন আজ অর্থাৎ ০২-০৩-২০২১ বিকেল ৪টে পর্যন্ত বর্ধিত করা হল।

পরবর্তী কোনো পরীক্ষার ক্ষেত্রেই ফর্মপূরণের নির্দিষ্ট দিন বর্ধিত হবে না।

অনিন্দ্যজ্যোতি পাল

(অনিন্দ্যজ্যোতি পাল)

পরীক্ষাসমূহের নিয়ামক